

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) এর দপ্তর
 ওয়াপদা ভবন, কক্ষ নং-২১০
 মতিঝিল বাণিজ্যিক এলাকা
 ঢাকা-১০০০।
 ফোনঃ ৯৫৬২২৯৩, ৯৫৫০২৫৩



adgpl.bwdb@gmail.com

Office of the
 Additional Director General (Planning)
 WAPDA Bhaban, Room No-210
 Motijheel Commercial Area, Dhaka-1000
 Phone: 9562293, 9550253

স্মারক নং- ১৯১-অমপ(পরি)-বাপাউবো

তারিখঃ ২৪ অক্টোবর ২০১৯

প্রধান প্রকৌশলী

দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল
 বাপাউবো, চট্টগ্রাম/ কুমিল্লা/ বরিশাল/ খুলনা।

বিষয়ঃ “বাপাউবো”র প্রতিটি উপকূলীয় বিভাগে বৃষ্টির পানি সংরক্ষণের জন্য দিঘী খনন” শীর্ষক প্রকল্প প্রণয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপকূলীয় অঞ্চলে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে সুপেয় পানির চাহিদা পূরণের উদ্দেশ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিটি উপকূলীয় পরিচালন ও রক্ষণাবেক্ষণ বা পানি উন্নয়ন বিভাগের আওতাধীন প্রতিটি উপজেলায় জনবসতি বিবেচনায় বিদ্যমান সরকারী পুকুরে/ খাস জমিতে নূন্যতম একটি করে যৌক্তিক আকারের সুপেয় পানির দিঘী খননের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। এ লক্ষ্যে স্থানীয় প্রশাসন এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটিসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ, বৃষ্টির পানি ধারণ উপযোগী অবকাঠামোয়ুক্ত নকশা প্রণয়ন ও ব্যয় নিরূপণ করে আগামী ৩০ কার্যদিবসের মধ্যে অঞ্চলভিত্তিক ডিপিপি প্রণয়ন ও দাখিল করতে হবে।

এতদুদ্দেশ্যে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে স্থানীয় প্রশাসন এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সাথে যোগাযোগপূর্বক দিঘীর আয়তন নিরূপণ, স্থান নির্ধারণ, নকশা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদিসহ সরকারী খাস জমির তথ্য সংগ্রহ করে সফট কপি ই-মেইলে এবং হার্ড কপি অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে প্রেরণ করতে হবে এবং একই সাথে স্বল্পতম সময়ের মধ্যে ডিপিপি প্রণয়নের প্রক্রিয়া চলমান রাখতে হবে।

উল্লেখ্য জমি সংক্রান্ত তথ্যাদি প্রাপ্তির পর অনতিবিলম্বে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয় উপকূলীয় এলাকাসমূহের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্স করবেন।

এমতাবস্থায় বর্ণিত কার্যক্রম অনুসরণ এবং অত্র পত্র জারীর ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে নিজ নিজ অঞ্চলের ডিপিপি জরুরী ভিত্তিতে প্রণয়ন ও দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

(এ, এম, আমিনুল হক)

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১-২। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন/ পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
- ৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। নিবাহী প্রকৌশলী,
- ৭। দপ্তর কপি।